## এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র** বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ শামীম ও শাহেদ এ বছর একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছে। তারা দুজন সিদ্ধান্ত নিয়েছে পাঠ্যবিষয় হিসেবে এমন একটি বিষয় নিবে যার মাধ্যমে নাগরিকের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানা যাবে। রাষ্ট্র, সংবিধান এবং দেশের রাজনীতির সঠিক ইতিহাস সম্পর্কে জানতে পারবে। "ঐতিহাসিক তথ্যসমূহ উক্ত বিষয়টিকে পূর্ণতা দান করে।"

ক. পৌরনীতি কী? ১

খ. সুশাসনের সাথে জবাবদিহিতার সম্পর্ক নিরূপণ কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির পরিধি ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজনৈতিক সচেতনতা এবং নাগরিক দায়িত্ব ও কর্তব্যবোধ বৃদ্ধিতে পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ ছকটি দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




Teachingbd24.com

ক. পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ কী এবং তা এসেছে কোন ভাষার কোন শব্দ থেকে? ১

খ. পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. উপরের উদ্দীপকটি পৌরনীতি ও সুশাসনের যে চিত্র তুলে ধরেছে তার স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. পৌরনীতি ও সুশাসন পাঠ নাগরিক জীবনকে কীভাবে প্রভাবিত করে? যুক্তি দিয়ে বোঝাও। ৪

**৩.** ★ জনাব হারুন আফ্রিকার সামরিক বাহিনী শাসিত একটি অনুন্নত দেশের নাগরিক। তার দেশে রয়েছে দুর্নীতি, রাজনৈতিক অস্থিতিশীলতা, জাতিগত দাঙ্গা, অর্থনৈতিক বৈষম্য, দারিদ্র্য ইত্যাদি নানা সমস্যা। তবে বর্তমানে শিক্ষাবিস্তারের ফলে নাগরিকদের মধ্যে সচেতনতা বেড়েছে এবং রাজনৈতিক দলগুলো ও সুশীলসমাজ উক্ত সমস্যাগুলো সমাধানে খুবই আগ্রহী।


ক. আইন কী? ১

খ. স্বচ্ছতা বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রটিতে সুশাসনের কোন কোন বৈশিষ্ট্যের অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব হারুনের রাষ্ট্রটিতে কীভাবে সুশাসন প্রতিষ্ঠা করা সম্ভব? ৪

৪. ★ ছকটি দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:





ক. উপরের ছক বা চিত্রটি দ্বারা কী দেখানো হয়েছে? ১
খ. উড্রো উইলসন প্রদত্ত আইনের সংজ্ঞাটি লেখ। ২
গ. আইন মেনে চলা হয় কেন? রাষ্ট্রবিজ্ঞানীদের মন্তব্য উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "যেখানে আইন থাকে না সেখানে স্বাধীনতা থাকতে পারে না" জন লকের এই উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫. ▶ জনাব পরম বিশ্বাস একজন সমাজকর্মী। তিনি এখন একটি সমাজ বিনির্মাণের লক্ষ্যে কাজ করছেন যেখানে জাতি, ধর্ম, বর্ণ, বংশ নির্বিশেষে কোনো পার্থক্য থাকবে না।
ক. সামাজিক মূল্যবোধ বলতে কী বুঝ? ১
খ. স্বাধীনতার চারটি রক্ষাকবচের নাম লেখ। ২
গ. জনাব পরম বিশ্বাস কোন ধরনের সাম্য প্রতিষ্ঠায় কাজ করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সাম্য প্রতিষ্ঠিত হলে সকলেই সমভাবে আত্মবিকাশের সুযোগ পাবে — বক্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৬. ▶ 'ক' রাষ্ট্রের ছাত্ররা তথ্যপ্রযুক্তির কল্যাণে এখন ঘরে বসে ভর্তির আবেদন, রেজিস্ট্রেশন, পরীক্ষার ফলাফল জানাসহ যাবতীয় কাজ করতে পারে। চাকরির জন্যও তারা একই প্রক্রিয়া অনুসরণ করে।
ক. সুশাসন প্রত্যয়টি প্রথম কোন প্রতিষ্ঠান ব্যবহার করে? ১
খ. ই-গভর্নেন্স-এর দুটি উদ্দেশ্য লেখ। ২
গ. 'ক' রাষ্ট্রের ছাত্ররা কী ধরনের ব্যবস্থার সুফল পাচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যবস্থা 'অধিকতর স্বচ্ছ ও জবাবদিহিতামূলক' বিশ্লেষণ কর। ৪

৭. ▶ ছকটি দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. বাংলাদেশের আইনসভার নাম কী এবং তা কয়টি কক্ষবিশিষ্ট? ১
খ. দায়িত্বশীল সরকার বলতে কী বুঝ? ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রের সরকারের সাথে 'খ' রাষ্ট্রের সরকারের পার্থক্য নির্দেশ কর। ৩
ঘ. বাংলাদেশের জন্য তুমি 'ক' অথবা 'খ' কোন ধরনের সরকারকে উপযোগী বলে মনে কর? কেন? ৪

**৮.** ▶ 'ক' দেশে শাসন বিভাগ আইনসভার নিকট জবাবদিহি করে এবং একটি কেন্দ্র থেকে সমগ্র দেশ পরিচালিত হয়। এর রাষ্ট্রপ্রধান জনগণের পরোক্ষ ভোটে নির্বাচিত হন। এদিক থেকে 'খ' দেশের সাথে কিছুটা পার্থক্য আছে। 'খ' দেশে কেন্দ্র ও প্রদেশের মধ্যে সংবিধানের মাধ্যমে ক্ষমতা বিভাজন করে দেয়া আছে। এর রাষ্ট্রপ্রধান জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হন।

ক. সরকার কী? ১
খ. 'ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির' মূলকথা কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত দুই দেশের সরকারের মধ্যে যে পার্থক্য পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত 'খ' রাষ্ট্রের সরকার অন্যান্য রাষ্ট্রের সরকার অপেক্ষা জটিল প্রকৃতির — বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ ছকটি দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. গণতন্ত্র কত প্রকার ও কি কি? ১
খ. সংসদীয় সরকার কী? ২
গ. উদ্দীপকে প্রশ্নচিহ্নিত স্থানে কোন বিভাগ হবে? উক্ত বিভাগের স্বাধীনতা কিভাবে রক্ষা করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রশ্নচিহ্নিত বিভাগের সাথে অপর দুটি বিভাগের সম্পর্ক লেখ। ৪

**১০.** ★ জনাব মাসুদ একটি সংগঠনের সদস্য। যার কর্মকাণ্ড সারাদেশে বিস্তৃত। উক্ত সংগঠন মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠা ও দেশের সমস্যা চিহ্নিত করে সমাধানের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন করে। অপরদিকে সুমন আরেকটি আরেকটি সংগঠনের সদস্য। যারা শুধু নিজেদের স্বার্থ আদায়ের জন্য কাজ করে।

ক. নেতৃত্ব কী? ১
খ. জনমত গঠনে রাজনৈতিক দলের ভূমিকা লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত মাসুদ ও সুমনের সংগঠনের পার্থক্যসমূহ লেখ। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মাসুদের সংগঠনটি গণতন্ত্র প্রতিষ্ঠায় কী ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

**১১.** ★ প্রকৌশলী মাহমুদ হাসান সাহেব পেশাগত কাজে সুইডেন ও নরওয়ে গিয়েছিলেন। এসব দেশের নাগরিকদের অধিকার সচেতনতা ও কর্তব্যবোধ দেখে তিনি মুগ্ধ হয়েছেন। মাহমুদ সাহেবের ধারণা একদিন পৃথিবীর সব দেশের মানুষই তাদের অধিকার ও কর্তব্যবোধ সম্পর্কে সচেতন হয়ে উঠবেন।

ক. মানবাধিকার কী? ১
খ. আইনের শাসন বলতে কী বুঝ? ২
গ. মৌলিক অধিকার ও মানবাধিকারের মধ্যে পার্থক্যগুলো দেখাও। ৩
ঘ. 'অধিকারের মধ্যে কর্তব্য নিহিত' উক্তিটির যথার্থতা নির্ণয় কর। ৪

Teachingbd24.com

বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ৩০ মিনিট

# বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ Civis ও Civitas শব্দের অর্থ যথাক্রমে?
ক) দেশ ও রাষ্ট্র খ) রাষ্ট্র ও নগর
গ) নাগরিক ও নগররাষ্ট্র
ঘ) নগররাষ্ট্র ও নাগরিক

২. 'শাসক যদি ন্যায়বান হয় তাহলে আইন অনাবশ্যক, আর শাসক যদি দুর্নীতিপরায়ন হন তাহলে আইন নিরর্থক'— উক্তিটি কার?
ক) সক্রেটিস খ) প্লেটো
গ) এরিস্টটল ঘ) ম্যাকাইভার

৩. আইনের অনুশাসন থাকলে—
i. সরকার ক্ষমতার অপব্যবহার করতে পারে না
ii. বিনা বিচারে কাউকে শাস্তি প্রদান করা যাবে না
iii. সুশাসন প্রতিষ্ঠিত হয় না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. 'অনিয়ন্ত্রিত আমলাতন্ত্র গণতন্ত্রের জন্য হুমকিস্বরূপ' উক্তিটি কে করেছেন।
ক) রিচার্ড ক্রসম্যান খ) অধ্যাপক লাস্কী
গ) লর্ড ব্রাইস ঘ) উইলোবী

৫. ★ ফরাসি বিপ্লবের মূলতন্ত্র ছিল—
ক) সাম্য, স্বাধীনতা ও আইন
খ) আইন, স্বাধীনতা ও ভ্রাতৃত্ব
গ) সাম্য, স্বাধীনতা ও ভ্রাতৃত্ব
ঘ) স্যাম্য, স্বাধীনতা ও মূল্যবোধ

৬. কোন দেশের সাধারণ আইন প্রধানির্ভর?
ক) যুক্তরাষ্ট্র খ) বাংলাদেশ
গ) গ্রেট ব্রিটেন ঘ) ফ্রান্স

৭. ই-গভর্নেন্সের অন্যতম বাহন কোনটি?
ক) ডাকঘর খ) ই-মেইল
গ) ফেসবুক ঘ) ইন্টারনেট

৮. কোন আইনের মাধ্যমে মেধা পাচার নিয়ন্ত্রণ করা যায়?
ক) অভিবাসন নিয়ন্ত্রণ আইন
খ) মানব পাচার প্রতিরোধ আইন
গ) ভিসা নিয়ন্ত্রণ আইন
ঘ) মেধাসত্ত্ব আইন

৯. 'প্রত্যেক রাষ্ট্রই পরিচিত হয় তার প্রদত্ত অধিকার দ্বারা' উক্তিটি কার?
ক) লাস্কি খ) টি.এইচ.গ্রিন
গ) গার্নার ঘ) ম্যাকাইভার

১০. মানবাধিকারের স্বীকৃতিদাতা প্রতিষ্ঠান কোনটি?
ক) জাতিসংঘ খ) বিচার বিভাগ
গ) আন্তর্জাতিক আদালত ঘ) শাসন বিভাগ

১১. সংবাদপত্র স্বাধীন ও নিয়ন্ত্রণমুক্ত হলে কী হয়?
i. সুষ্ঠু জনমত গঠিত হয়
ii. গণতন্ত্র সফল হয়
iii. রাজনৈতিক দল শক্তিশালী হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. নিজ নিজ ধর্মচর্চা ও পালন করা কোন ধরনের অধিকার?
ক) সামাজিক খ) নৈতিক
গ) অর্থনৈতিক ঘ) রাজনৈতিক

১৩. চাপসৃষ্টিকারী গোষ্ঠীর প্রধান লক্ষ্য-
i. জাতীয় কল্যাণ সাধন
ii. সরকারি সিদ্ধান্তকে প্রভাবিত করা
iii. কর্মীদের পক্ষে কাজ করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. রাজনৈতিক দলের অন্যতম প্রধান কাজ কী?
ক) অন্য দলের বিরোধিতা করা
খ) নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন
গ) শুধুই নিজের দলের প্রশংসা করা
ঘ) দলীয় নেতাদের স্বার্থ সংরক্ষণ করা

১৫. ★ ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়' এ উক্তিটি দ্বারা কোন বিষয়টিকে বোঝানো হয়েছে?
ক) নেতৃত্বের সততা
খ) নেতৃত্বের মানসিকতা
গ) নেতৃত্বের দক্ষতা ঘ) নেতৃত্বের যোগ্যতা

১৬. সংসদীয় সরকারে সরকারপ্রধান কে?
ক) রাষ্ট্রপতি খ) স্পিকার
গ) চিফ হুইপ ঘ) প্রধানমন্ত্রী

Teachingbd24.com


১৭. **ফোয়েডাস শব্দের অর্থ কী?**
ক) যুদ্ধ বিগ্রহ খ) শান্তি
গ) মিলন সন্ধি ঘ) সহযোগিতা

১৮. ★ **আইন বিভাগের মূল কাজ কী?**
ক) আইন প্রণয়ন খ) আইন প্রয়োগ
গ) বিদেশের সাথে সম্পর্ক রক্ষা
ঘ) আইনের আলোকে বিচার করা

১৯. **আইনসভার প্রথম কক্ষকে কী বলে?**
ক) উচ্চকক্ষ খ) উচ্চ আদালত
গ) নিম্ন আদালত ঘ) নিম্নকক্ষ

২০. **রাজনৈতিক সংস্কৃতি বলতে বোঝায়?**
i. রাজনৈতিক আচরণের সমষ্টি
ii. রাজনৈতিক দলের নিয়ন্ত্রণ
iii. রাজনৈতিক মূল্যবোধের পছন্দ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**




২১. **ছকের 'ক' চিহ্নিত স্থানে সরকারের কোন বিভাগ বসবে?**
ক) আইন খ) শাসন
গ) বিচার ঘ) সচিবালয়

২২. **উক্ত বিভাগের গুরুত্ব অপরিসীম। কারণ-**
i. দুর্বলকে সবলের হাত থেকে রক্ষা করে
ii. আইন প্রণয়ন করে
iii. দুষ্টের দমন ও শিষ্টের পালন করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. ★ **বাংলাদেশের সর্বোচ্চ আদালত কোনটি?**
ক) জেলা জর্জ আদালত খ) সুপ্রিম কোর্ট
গ) প্রশাসনিক ট্রাইব্যুনাল
ঘ) ফৌজদারি আদালত

২৪. **কোনটি জনমত গঠনের মাধ্যম নয়?**
ক) চাপসৃষ্টিকারী গোষ্ঠী খ) সংবাদপত্র
গ) শিক্ষাপ্রতিষ্ঠান ঘ) সামরিক বাহিনী

২৫. **জনগণের সাথে কাদের সম্পর্ক আনুষ্ঠানিক ও দাপ্তরিক?**
ক) আমলাদের খ) মন্ত্রীদের
গ) প্রধানমন্ত্রীর ঘ) রাষ্ট্রপতির

২৬. **"জাতীয়তা একটি মানসিক সত্তা এবং এক প্রকার সজীব মানসিকতা"— উক্তিটি কার?**
ক) লর্ড ব্রাইস খ) ম্যাকাইভার
গ) রেঁনা ঘ) অধ্যাপক লাস্কি

২৭. **জনসমাজ + রাজনৈতিক চেতনা = ?**
ক) জাতি খ) জাতীয়তা
গ) সার্বভৌমত্ব ঘ) আমলাতন্ত্র

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব আলী রাষ্ট্রের নির্বাহী বিভাগে কর্মরত। তিনি সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জনকল্যাণ, যুক্তি ও জনস্বার্থকে প্রাধান্য দেন। ফলে দেশের জনগণ তার প্রতি শ্রদ্ধাশীল।

২৮. **জনাব আলীর কার্যক্রমে কোন বিষয়টি ফুটে উঠেছে?**
ক) রাজনৈতিক সংস্কৃতি
খ) রাজনৈতিক অংশগ্রহণ
গ) সুশাসন ঘ) জনমত

২৯. **উদ্দীপকে বর্ণিত বিষয়টি রাষ্ট্রে বাস্তবায়িত হলে—**
i. গণতন্ত্র শক্তিশালী হয়
ii. কল্যাণমূলক সরকার প্রতিষ্ঠিত হয়
iii. একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. ★ **শাসন বিভাগের কাজ হলো—**
i. প্রতিরক্ষা ব্যবস্থা পরিচালনা
ii. স্বরাষ্ট্র বিষয় দেখাশুনা
iii. অপরাধীকে দণ্ড বা শাস্তি প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | [illegible] |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | [illegible] |

https://teachingbd24.com